



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd



মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি

স্মারক নং- ৫৮.০৩.০০০০.০০৭.৩৪.০০৭.১৮-

২০৪২

তারিখঃ ২৪/২/২৩ খ্রি

ইঞ্জিনিয়ার/কনসাল্টিং ফার্মসমূহকে জানানো যাচ্ছে যে, হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউনের Fire safety plan এর নকশা তৈরির সময় নিম্নবর্ণিত বিষয়গুলো প্রায়শই উল্লেখ থাকে না বিধায় Fire safety plan এর অন্যান্য নির্দেশাবলীর পাশাপাশি হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউন সহ সকল অকুপেন্সি টাইপ ভবনের ফায়ার সেফটি প্ল্যান/অনাপত্তি ছাড়পত্রের আবেদন পত্রের সাথে ক্রমিক নং ১-২১ এর পূর্বের তথ্যগুলোর সাথে ক্রমিক নং ২২ এর তথ্যটি সংযোজন করা হলো এবং নকশা প্রণয়নের সময় নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ ও সংযুক্ত করার জন্য অনুরোধ করা হলো।

হাসপাতাল/সুউচ্চ বহতল ভবন/কেমিক্যাল গোডাউনের ক্ষেত্রে প্রয়োজনীয় ফায়ার সেফটি বিষয়ক তথ্যাবলীঃ-

১. আবাসিক/বাণিজ্যিক ও হাসপাতাল এক সাথে হলে এর জন্য আলাদা আলাদা Entry/Exit থাকতে হবে।
২. হাসপাতাল এবং আবাসিক/বাণিজ্যিক ফ্লোর এর নাম সহ নকশায় আলাদা আলাদাভাবে প্রদর্শন করতে হবে।
৩. কেমিক্যালের ধরণ ও প্রকৃতি অনুযায়ী আলাদা আলাদা স্টোরেজ নকশায় প্রদর্শন করতে হবে। প্রতিটি কেমিক্যাল স্টোরেজ ভিন্ন ভিন্ন কালার করে দেখাতে হবে। ০৪ (চার) ঘন্টা ফায়ার রেটেড দেয়াল স্থাপন করতে হবে।
৪. হাসপাতাল ভবনের ছাদে হেলিপ্যাডের ব্যবস্থা রাখতে হবে।
৫. বাফার ফ্লোর/ভবনের মধ্যবর্তী ফ্লোরে ইনটারমিডিয়েট ফায়ার পাম্প ও ওয়াটার রিজার্ভার ব্যবস্থা করতে হবে।
৬. আর্কিটেকচার ইঞ্জিনিয়ার, স্ট্রাকচারাল কনসালটেন্ট রেজিস্ট্রেশন নাম্বার সহ সিল স্বাক্ষর থাকতে হবে।
৭. এ্যাবুলেন্স এর জন্য আলাদা পার্কিং ব্যবস্থা রাখতে হবে। এখানে অন্য কোন গাড়ি পার্কিং করা যাবে না।
৮. হাসপাতালের ক্ষেত্রে স্ট্রেচার Ramp এর ব্যবস্থা রাখতে হবে (১:১২)।
৯. ফায়ার প্রফেশনাল এর সিল সহ স্বাক্ষর থাকতে হবে।
১০. যে সমস্ত ফ্লোরগুলো হাসপাতাল হিসাবে ব্যবহার হবে সেগুলো ব্লো আপ করে আলাদা আলাদা ভাবে দেখাতে হবে।
১১. স্মোক ম্যানেজমেন্ট আলাদাভাবে ড্রয়িং এ দেখাতে হবে।
১২. ওয়াসটেজ অপসারণের ব্যবস্থা আলাদাভাবে দেখাতে হবে।
১৩. হাসপাতালের রান্না ঘরে গ্যাস সিলিন্ডারের নিরাপত্তা ব্যবস্থা আলাদাভাবে দেখাতে হবে।
১৪. হাসপাতালের মেডিকেল গ্যাসের সরবরাহের লাইনের নকশা আলাদাভাবে ব্যবস্থা করতে হবে।
১৫. এয়ার কন্ডিশন ডাস্ট লাইনে আলাদা মোটরাইজ ডাম্পার লাগাতে হবে।
১৬. এসএলডি আলাদাভাবে দেখাতে হবে।
১৭. প্রতি ফ্লোরে ডিসকানেকশন থাকতে হবে। Lighting circuit, air condition Exhaust Fan, Vantilation, plug load circuit আলাদা আলাদা হবে।
১৮. স্ট্যান্ড বাই জেনারেটর সেফটি সিস্টেম এর সাথে কানেকটেড থাকতে হবে।
১৯. PA system টি Fire alarm control room ও Fire lift এর সাথে integrated/সমন্বয় করে আলাদাভাবে নকশায় প্রদর্শন করতে হবে।
২০. অধিক নিরাপত্তার স্বার্থে Ramp ও সাইড স্প্রিংকলার ব্যবস্থা রাখতে হবে।
২১. হাসপাতালের Radiation room Basement এ স্থাপন করতে হবে। রুমটির চতুর্দিকে 1.2 মিটার RCC wall স্থাপন করতে হবে।

P.T.O

২২. শুধুমাত্র হাসপাতালের জন্য মেডিক্যাল গ্যাস সাপ্লাই সিস্টেমে নিম্নের বিষয়গুলি প্রদর্শন করতে হবে।

- ক) মেডিক্যাল এয়ার
- খ) ইন্সট্রুমেন্ট এয়ার
- গ) অক্সিজেন
- ঘ) নাইট্রাস-অক্সাইড
- ঙ) ওয়েস্ট এনেসথেটিক গ্যাস ডিসপোজাল (WAGD)
- চ) মেডিক্যাল ভ্যাকুয়াম

বিতরণ সদয় জ্ঞাতার্থেঃ-

১. সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. ফোকাল পয়েন্ট, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।



লেঃ কর্ণেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)